

# নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম ইন্টারন্যাশনাল মেডিকেল কলেজ ও হাসপাতাল (সিআইএমসিএইচ) ও সিআইএমসিএইচ নার্সিং কলেজ/ইস্টিটিউট এ নিম্ন বর্ণিত পদ সমূহে নিয়োগের জন্য সংশ্লিষ্ট যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম ও বিভাগ	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	অধ্যাপক/সহযোগী অধ্যাপক/সহকারী অধ্যাপক (কমিউনিটি মেডিসিন, ফরেনসিক মেডিসিন, ফার্মাকোলজি, কার্ডিওলজি, এন্ডোক্রাইনোলজি, গ্যাস্ট্রোএন্টারোলজি, নিউরোসার্জারী, নিউরো মেডিসিন, জেনারেল সার্জারী, অর্থোপেডিকস, রেডিওলজি এন্ড ইমেজিং ও ট্রান্সফিউশন মেডিসিন)	--	স্ব স্ব পদে বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা বিএমএন্ডডিসির নীতিমালা অনুযায়ী।
০২	রেজিস্ট্রার (অফথালমোলজি, ডার্মাটোলজি, মেডিসিন ও জেনারেল সার্জারী)	--	এমবিবিএস এবং স্ব স্ব বিষয়ে পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
০৩	লেকচারার (এনাটমি, ফিজিওলজি, ফার্মাকোলজি, প্যাথলজি ও ফরেনসিক মেডিসিন)	০৯	এমবিবিএস।
০৪	অধ্যক্ষ (সিআইএমসিএইচ নার্সিং কলেজ)	০১	অধিভুক্ত বিশ্ববিদ্যালয় এবং নার্সিং কাউন্সিলের নীতিমালা অনুযায়ী। বয়স ১লা নভেম্বর ২০২০ ইং তারিখে অনূর্ধ্ব ৬৫ বছর হতে হবে।
০৫	নার্সিং ইন্সট্রাক্টর (সিআইএমসিএইচ নার্সিং ইস্টিটিউট)	০৩	বিএসসি ইন নার্সিং (এমপিএইচ ডিগ্রি এবং নার্সিং ইন্সট্রাক্টর হিসেবে শিক্ষকতায় অভিজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে)।
০৬	সিনিয়র আইটি অফিসার	০১	বিএসসি ইন কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং এবং সংশ্লিষ্ট কাজে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে (যেমন সফটওয়্যার ডেভেলপমেন্ট, ওয়েব এপ্লিকেশন ও নেটওয়ার্কিং)।

## নিয়মাবলি

- ক) প্রতিষ্ঠানের নির্ধারিত আবেদন ফরম ওয়েব সাইট [www.cimch.edu.bd](http://www.cimch.edu.bd) থেকে সংগ্রহ করা যাবে।  
 খ) প্রয়োজনীয় সনদ ও তথ্য সহ আবেদন সরাসরি নিম্নলিখিত ঠিকানায় ৩০-০৯-২০২০ ইং তারিখের মধ্যে জমা প্রদান করতে হবে।  
 গ) প্রতিটি পদের বিপরীতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বরাবর ৫০০/= (পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার আবেদন পত্রের সাথে জমা করতে হবে। ঘ) আবেদন পত্রের সাথে প্রার্থীর ১) চারকপি সদ্যতোলা পাসপোর্ট সাইজ এর রঙিন ছবি ২) পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত ৩) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ ৪) বিএমএন্ডডিসি এর হালনাগাদ রেজিস্ট্রেশন কপি (১-৩ নং পদের জন্য প্রযোজ্য) ৫) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ৬) প্রতিষ্ঠানের নির্ধারিত Proforma অনুযায়ী পাবলিকেশন এর ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)। উপর্যুক্ত ক্রম অনুযায়ী বিন্যাস করে জমা দিতে হবে এবং আবেদনকৃত পদের নাম খামের উপরে উল্লেখ করতে হবে। অবিন্যস্ত এবং অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।  
 ঙ) কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তির যে কোনো শর্ত বাতিল বা শিথিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

যোগাযোগ: মানবসম্পদ ব্যবস্থাপনা বিভাগ  
 E-mail: [hrd.cimchbd@gmail.com](mailto:hrd.cimchbd@gmail.com)  
 মোবাইল-০১৮২৪-৪৭১৪২৬

চেয়ারম্যান, বোর্ড অব ট্রাস্টিজ,  
 ২০৬/১, শমসের পাড়া, চান্দগাঁও, চট্টগ্রাম।